

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ ।

www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ২২

তারিখ : ০৯ শ্রাবণ, ১৪২১  
২৪ জুলাই, ২০১৪

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী

প্রিয় মহোদয়,

ডিওএস সার্কুলার লেটার নং- ২০, তারিখ ১৬/০৭/২০১৪ এবং ডিওএস  
সার্কুলার লেটার নং- ২১, তারিখ ২২/০৭/২০১৪ এর স্পষ্টীকরণ প্রসঙ্গে

অত্র বিভাগের ১৬/০৭/২০১৪ ও ২২/০৭/২০১৪ তারিখে ইস্যুকৃত ডিওএস সার্কুলার লেটারদ্বয় যথাক্রমে ২০ ও ২১ নিয়ে বিভিন্ন তফসিলি ব্যাংক বিভিন্নভাবে ব্যাখ্যা করায় এক্ষণে সার্কুলার লেটারদ্বয়ের মর্মার্থ নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা যাচ্ছে :

০২। ০৭/১২/২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক বর্তমানে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ সাপ্তাহিক ছুটির দিন প্রতি শুক্রবার ও শনিবার এবং দেশের অপরাপর স্থানে অবস্থিত বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ শনিবার স্বীয় বিবেচনায় খোলা রাখার নির্দেশনা বহাল রয়েছে। তবে আগামী ২৫, ২৬ ও ২৮ জুলাই, ২০১৪ তারিখ যথাক্রমে শুক্র, শনি ও সোমবার সরকারী ছুটির দিন হওয়ায় এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ঢাকা, চট্টগ্রাম, বেনাপোল ও আইসিডি (কমলাপুর), ঢাকা শুল্ক স্টেশনসমূহ উল্লিখিত তারিখসমূহে খোলা রাখার সিদ্ধান্ত গ্রহণ করায় শুধুমাত্র বর্ণিত শুল্ক স্টেশন সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক খোলা থাকবে। অর্থাৎ, দেশের অন্য কোন শুল্ক স্টেশনে অবস্থিত ব্যাংক শাখার ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।

০৩। ২৬ জুলাই, ২০১৪ তারিখ শনিবার তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে বিজিএমইএ-এর অনুরোধে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামের শিল্পঘন এলাকায় কার্যরত তফসিলি ব্যাংকের কেবলমাত্র তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক খোলা থাকবে। দেশের অন্য কোন স্থানের ব্যাংক শাখার ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

( অসীম কুমার মজুমদার )

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৬১